

Bounce হওয়া শিক্ষার্থীর ব্যাংক তথ্য বৃত্তির সফটওয়্যারে সংশোধনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলি অনুসরণীয় :

তথ্য সংশোধনের পদ্ধতি : বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী \longrightarrow শিক্ষার্থীর তথ্য আপডেট

- (১) বৃত্তির সফটওয়্যারে প্রতিষ্ঠান হতে Login করে Bounce/Return হওয়া ব্যাংক তথ্য প্রয়োজনে সংশোধন করতে হবে;
- (২) পত্রের সাথে সংযুক্ত Excel ফাইল হতে Bounce/Return হওয়া শিক্ষার্থীদের তালিকা পাওয়া যাবে;
- (৩) MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত ব্যাংক সংক্রান্ত তথ্য শিক্ষার্থীর Bank Statement বা চেক বই (MICR হলে ভাল হয়) এর তথ্যের সাথে মিলিয়ে প্রয়োজনে সংশোধন করতে হবে। ব্যাংকের নাম, শাখার নাম/Routing Number, হিসাবধারীর নাম ও হিসাব নম্বর ((১৩-১৭ ডিজিটের মধ্যে) সঠিক থাকতে হবে;
- (৪) হিসাবটি শিক্ষার্থীর নামে একক হলে শুধু শিক্ষার্থীর নাম থাকবে। যদি হিসাবটি যৌথ হয় তাহলে শিক্ষার্থীর নামের পরে and তারপর ২য় হিসাবধারীর নাম এন্ট্রি করতে হবে। (যেমন: শিক্ষার্থীর নাম যদি Habibur Rahman হয় এবং যৌথ (পিতার সাথে) হয় তাহলে হিসাবধারীর নাম হবে Habibur Rahman and Abdur Rashid);
- (৫) শিক্ষার্থীর নামীয় একক/যৌথ ব্যাংক হিসাব নম্বর ব্যতীত শুধু পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- (৬) MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য সঠিক থাকা সত্ত্বেও শিক্ষার্থীর ব্যাংক হিসাব Dormant/ Inactive/ Inoperative/ Freeze থাকার কারণে Bounce/Return হলে কোন সংশোধনের প্রয়োজন হবে না। সেক্ষেত্রে ব্যাংক হিসাবটি সচল / active করতে হবে;
- (৭) ইতোপূর্বে যদি কোন শিক্ষার্থীর তথ্য সংশোধন/ active করা হয়ে থাকে তবে তার কোন সংশোধনের প্রয়োজন নেই;
- (৮) ব্যাংক তথ্য সংশোধনের ক্ষেত্রে যাচাইকরণের ৩টি ধাপ আবশ্যিকভাবে (রেজিস্ট্রেশন নম্বর যাচাই, হিসাবধারীর নাম ও হিসাব নম্বর যাচাই) সম্পাদনের পর সংরক্ষণ করতে হবে। যাচাই ছাড়া কোন তথ্য সংরক্ষণ করা যাবে না;
- (৯) Bounce/Return হওয়া শিক্ষার্থীর হিসাবধারীর নামের অংশে কোন Hyphen (-) ব্যবহার করা যাবে না। এর স্থলে Single Space দিতে হবে। (যেমন : গেজেট বানান Mamun-or-Rashid থাকলেও হিসাবধারীর নাম হবে Mamun or Rashid);
- (১০) সংযুক্ত Excel ফাইলে কোন ধরণের সংশোধন করে মাউশ'তে প্রেরণ করা যাবে না। পত্র ও এই নির্দেশনা মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে Bounce/Return হওয়া শিক্ষার্থীর তথ্য সংশোধন/হিসাব নম্বর সচল করতে হবে;
- (১১) তফসিলী সম্প্রদায়ভুক্ত উপবৃত্তিপ্রাপ্ত Bounce/Return হওয়া শিক্ষার্থীর তথ্য স্ব-স্ব আঞ্চলিক পরিচালক ও উপ-পরিচালকের কার্যালয় হতে সংশোধন/হিসাব সচলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (১২) ১৪টি টিচার্স ট্রেনিং কলেজের পেশামূলক উপবৃত্তিপ্রাপ্ত Bounce/Return হওয়া শিক্ষার্থীর তথ্য স্ব-স্ব কলেজ হতে সংশোধন/হিসাব সচলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (১৩) ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের উপবৃত্তিপ্রাপ্ত Bounce/Return হওয়া শিক্ষার্থীর তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংশোধন/হিসাব সচলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (১৪) Home Economics কলেজের উপবৃত্তিপ্রাপ্ত Bounce/Return হওয়া শিক্ষার্থীর তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংশোধন/হিসাব সচলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (১৫) Bounce হওয়া শিক্ষার্থীর তথ্য সংশোধনের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- (১৬) নতুন এন্ট্রি বা অন্যান্য তথ্য সংশোধনের ক্ষেত্রে ০৩/১১/২০২৪ তারিখে জারিকৃত নির্দেশনা অনুসরণীয়।

শিক্ষার্থীর অর্থ Bounce/Return হওয়ার কারণসমূহ নিম্নরূপ :

- (১) MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীর ব্যাংকের নাম ভুল এন্ট্রি করা হলে;
- (২) MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীর ব্যাংকের শাখা/ Routing Number ভুল এন্ট্রি করা হলে;
- (৩) MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীর ব্যাংকের হিসাবধারীর নাম ভুল/ভিল এন্ট্রি করা হলে;
- (৪) MIS সফটওয়্যারে শিক্ষার্থীর নামীয় একক/যৌথ ব্যাংক হিসাব নম্বর ব্যতীত শুধু পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর এন্ট্রি করা হলে এবং একক/যৌথ হিসাবধারীর তথ্য এন্ট্রির ক্ষেত্রে নির্দেশনা অনুসরণ করা না হলে;
- (৫) MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীর Bank Account Number ভুল এন্ট্রি করা হলে;
- (৬) MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীর ব্যাংক হিসাবটি Dormant/ Inactive/ Inoperative/ Freeze (সাধারণত দীর্ঘদিন লেনদেন না করার কারণে) থাকলে।

